রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, নভেম্বর ৯, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৩ শাখা

নং বাম/সিই/১(১১১)/সিআইপি নীতিমালা/র-৩/২০১০/৬১৭ তারিখঃ ৩০-১০-২০১৩ খ্রিঃ

## সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩

১. **সংক্ষিপ্ত শিরোনাম ঃ** বর্তমানে প্রচলিত সিআইপি (রপ্তানি) সংক্রান্ত বিধি-বিধানকে যুগোপযোগী করার লক্ষ্যে এই নীতিমালা প্রবর্তন করা হলো। এই নীতিমালা সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ নামে অভিহিত হবে।

২. **সিআইপি (রপ্তানি) এর সংখ্যা ঃ**

(ক) বাণিজ্য মন্ত্রণালয়ের সিআইপিগণ দু'টি ক্যাটাগরীতে বিভক্ত হবেন—(১) সিআইপি (পণ্য রপ্তানি) এবং (২) সিআইপি (ট্রেড)। পদাধিকারবলে নির্বাচিত সিআইপিগণ সিআইপি (ট্রেড) এবং পণ্যভিত্তিক সিআইপিগণ সিআইপি (পণ্য রপ্তানি) হিসাবে পরিচিত হবেন।

(খ) **সিআইপি (রপ্তানি)** এর মোট সংখ্যা **১৮৮ (একশত আটাশি)** জন যার মধ্যে **৪৮ (আটচল্লিশ)** জন নির্বাচিত হবেন পদাধিকারবলে **সিআইপি (ট্রেড)** হিসাবে ও বাকী **১৪০ (একশত চল্লিশ)** জন বিভিন্ন পণ্যখাত থেকে রপ্তানি যোগ্যতা অনুযায়ী নির্বাচিত হবেন। তবে ১৪০ জন (পণ্য রপ্তানি) সিআইপি এর মধ্যে ৫(পাঁচ) জন ইপিজেডভুক্ত 'সি' ক্যাটাগরীর রপ্তানিকারকগণের মধ্য থেকে নির্বাচিত হবেন।

৩. বার্ষিক রপ্তানি আয়ের ভিত্তিতে খাতভিত্তিক রপ্তানিকারক সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচিত হবেন।


মূল্য ঃ টাকা ১২.০০

৪. (১) পদাধিকারবলে নিম্নোক্ত ব্যক্তিবর্গ সিআইপি (ট্রেড) হিসেবে নির্বাচিত হবেন ঃ

| | | |
|---|---|---|
| (ক) | চেম্বার গ্রুপ হতে নির্বাচিত এফবিসিসিআই এর পরিচালক | ১৫ জন |
| (খ) | এসোসিয়েশন গ্রুপ হতে নির্বাচিত এফবিসিসিআই এর পরিচালক | ১৫ জন |
| (গ) | নিম্নোক্ত চেম্বারসমূহ কর্তৃক মনোনীত এফবিসিসিআই এর পরিচালক | ০৯ জন |

(১) ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(২) চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(৩) রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(৪) খুলনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(৫) সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(৬) বরিশাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(৭) মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা;

(৮) বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

(৯) রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি;

| | | |
|---|---|---|
| (ঘ) | নিম্নোক্ত এসোসিয়েশনসমূহ কর্তৃক মনোনীত এফবিসিসিআই এর পরিচালক | ০৯ জন |

(১) বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন;

(২) বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন;

(৩) বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন;

(৪) বাংলাদেশ জুট মিলস্ এসোসিয়েশন;

(৫) বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি;

(৬) বাংলাদেশ এসোসিয়েশন অফ ব্যাংকস;

(৭) বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন;

(৮) বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন;

(৯) বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সী'জ।

মোট= ৪৮ জন

(২) সিআইপি (ট্রেড) হিসাবে মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনের নির্বাচিত কার্যনির্বাহী কমিটি থাকতে হবে এবং কোন বাণিজ্য সংগঠনের সভাপতি এফবিসিসিআই এর পরিচালক হিসেবে বহাল থাকলে উক্ত বাণিজ্য সংগঠন থেকে সংশ্লিষ্ট বছরে আর সিআইপি (রপ্তানি) মনোনয়ন দেয়া যাবে না।

৫. (ক) **পণ্যভিত্তিক বিভাজন ঃ** সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচনের জন্য রপ্তানি পণ্যসমূহকে ২২টি ক্যাটাগরীতে ভাগ করা হলো ঃ—

(১) কাঁচা পাট

(২) পাটজাত দ্রব্য (জুট ইয়ার্ন ও টোয়াইন, জুট কার্পেট, জুট ম্যানুফেকচারার্স)

(৩) চামড়া (ক্রাস্ট/ফিনিশড)

(৪) চামড়াজাত দ্রব্য (চামড়ার জুতা, ব্যাগ, ওয়ালেট, বেল্ট, জ্যাকেট ইত্যাদি)

(৫) হিমায়িত খাদ্য

(৬) চা

(৭) ওভেন গার্মেন্টস

(৮) কৃষিজাত দ্রব্য (শাকসজী, ফলমূল, পান, আলু ও অন্যান্য)

(৯) এগ্রোপ্রসেসিং (প্রসেসড, জ্যাম, জেলী, আচার, মশলা, চিপস, চিড়া, মুড়ি জাতীয় পণ্য)

(১০) লাইট ইঞ্জিনিয়ারিং প্রোডাক্টস

(১১) ফার্মাসিউটিক্যাল প্রোডাক্টস

(১২) হস্তশিল্পজাত দ্রব্য

(১৩) স্পেশালাইজড টেক্সটাইল/হোম টেক্সটাইল (সকল ধরনের টাওয়েল, বাথরোব, ডোরকার্টেন, কুশন কাভার, বেডশীট, বেড কাভার, পিলো কাভার ইত্যাদি)।

(১৪) নীট ওয়্যার গার্মেন্টস

(১৫) সিরামিক টেবিল ওয়্যার/অন্যান্য সিরামিক পণ্য

(১৬) প্লাস্টিকজাত পণ্য

(১৭) মেলামাইন পণ্য

(১৮) টেক্সটাইল ফেব্রিক্স

(১৯) কম্পিউটার সফটওয়্যার, কম্পিউটার সেবা, ডাটা প্রসেসিং ইত্যাদি

(২০) জাহাজ নির্মাণ শিল্প

(২১) আসবাবপত্র

(২২) বিবিধ (বৈদ্যুতিক সরঞ্জামাদি, জুয়েলারী, কটন ইয়ার্ন, হ্যাট ও ক্যাপ, টয়লেট্রিজ, আর্টিফিশিয়াল ও ন্যাচারাল ফ্লাওয়ার এবং অন্যান্য)।

(খ) প্রতি বছর সিআইপি নির্বাচনকালে প্রাপ্ত আবেদনের সংখ্যা এবং আবেদনকারীদের অর্জিত রপ্তানি আয়ের ভিত্তিতে পণ্যওয়ারী বিভাজন বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজন অনুযায়ী কম বা বেশী করতে পারবে। বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজনে বাণিজ্য মন্ত্রীর অনুমোদনক্রমে নতুন পণ্যখাত সংযোজন করতে পারবে এবং অপ্রয়োজনীয় পণ্যখাত বিলুপ্ত করতে পারবে।

(গ) অনুঃ (৫) এর ৮, ৯, ১০, ১২, ১৬, ১৭, ১৯, ২২ খাতে সিআইপি (রপ্তানি) এর জন্য আবেদনকারী ন্যূনতম রপ্তানি ও প্রচ্ছন্ন রপ্তানি আয় ০.১৫ (দশমিক এক পাঁচ) মিঃ মার্কিন ডলার হতে হবে। বাকী খাতগুলোর জন্য আবেদনকারীদের ন্যূনতম রপ্তানি ও প্রচ্ছন্ন রপ্তানি আয় ১.৫ (এক দশমিক পাঁচ) মিঃ মার্কিন ডলার হতে হবে।

৬. সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচনের মানদণ্ড ঃ

ক. একটি ক্যালেন্ডার বৎসরের জন্য সিআইপি নির্বাচনকালে পূর্ববর্তী অর্থ বছরের রপ্তানি আয় বিবেচনা করা হবে। Proceeds Realisation Certificate (PRC) এর ভিত্তিতে আবেদনকারীদের রপ্তানি আয় বিবেচনা করা হবে;

খ. রপ্তানিকারক বিবেচ্য অর্থ বছরে কোন নতুন বাজার সম্প্রসারণে সক্ষম হয়েছেন কি-না তা বিবেচনা করা হবে; ( EU, USA, Canada ব্যতিত) এবং

গ. রপ্তানির পরিমাণ এবং আনুষংগিক অন্যান্য বিষয় পরীক্ষা করে কমিটি সিআইপি নির্বাচন করবে।

৭. সিআইপি (রপ্তানি) নির্বাচনের যোগ্যতা ও অযোগ্যতা ঃ

ক. যোগ্যতা ঃ ন্যূনতম রপ্তানি আয় থাকলে ২২টি পণ্য খাতের মধ্য থেকে এক বা একাধিক উপ-খাতের জন্য দেশীয় রপ্তানিকারকগণ সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচিত হওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। ইপিজেডভুক্ত 'সি' ক্যাটাগরীর রপ্তানিকারকগণ তাঁদের জন্য নির্ধারিত ৫(পাঁচ)টি সিআইপি পদের জন্য আবেদন করতে পারবেন।

খ. অযোগ্যতাঃ

(১) ঋণখেলাপী ও কর বকেয়া থাকলে সিআইপি (রপ্তানি) নির্বাচনের জন্য বিবেচিত হবেন না। যে বৎসরের জন্য সিআইপি নির্বাচন করা হবে তার পূর্ববর্তী বৎসরের জুন মাস পর্যন্ত সংশ্লিষ্ট আবেদনকারী খেলাপী ঋণ ও কর বকেয়া আছে কি-না, বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ড তাদের প্রতিবেদনে তা নিশ্চিত করবে। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে কর বকেয়া নেই মর্মে জাতীয় রাজস্ব বোর্ড থেকে প্রত্যয়নপত্র সংগ্রহক্রমে দাখিল করতে হবে।

(২) বৈদেশিক ক্রেতার সাথে বাণিজ্য বিরোধ সমাধানে আগ্রহী না হলে বা দীর্ঘ সুত্রিতার পথ অবলম্বন করলে সিআইপি (রপ্তানি) নির্বাচনের জন্য অযোগ্য বিবেচিত হবেন। বাণিজ্য বিরোধ সংক্রান্ত তথ্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সরবরাহ করবে, তবে বাণিজ্য বিরোধের ক্ষেত্রে রপ্তানিকারক দায়ী না হলে দায়মুক্ত বলে বিবেচিত হবেন;

(৩) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত অথবা অন্য কোন কারণে অবাঞ্চিত বিবেচিত ব্যক্তি সিআইপি হওয়ার যোগ্য হবেন না। তবে সাজা ভোগ করার ৫ (পাঁচ) বছর অতিবাহিত হওয়ার পর সাজাপ্রাপ্ত ব্যক্তি নির্বাচনের যোগ্য বলে বিবেচিত হবেন;

(৪) সিআইপি হিসাবে আবেদনকারী ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে এবং তা প্রমাণিত হলে ঐ আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বৎসর সিআইপি নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না। এছাড়াও সিআইপি হিসেবে নির্বাচিত ব্যক্তির প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে তাঁর মনোনয়ন বাতিল করা হবে এবং পরবর্তী ৩ (তিন) বৎসর সিআইপি হিসাবে মনোনয়ন পাবেন না;

(৫) সিআইপি আবেদনপত্রে আবেদনকারীকে তাঁর পিতার ও মাতার পূর্ণ নাম, TIN & BIN উল্লেখ করতে হবে এবং তাতে কোন অবস্থাতেই সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাবে না। কোন প্রকার সংক্ষিপ্ত নাম ব্যবহার করলে (যথা-গোলাম মাওলা খান এর পরিবর্তে "জি এম খান" লিখলে) তাঁর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

৮. (১) **সিআইপি (রপ্তানি) নির্বাচন কমিটি ঃ** বাণিজ্য মন্ত্রণালয় ২ (দুই) টি কমিটির মাধ্যমে সিআইপি (রপ্তানি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবে ঃ

(ক) **প্রাথমিক বাছাই কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। | আহবায়ক |
| (২) | বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| (৩) | জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| (৪) | যুগ্ম-সচিব/উপ-সচিব (রপ্তানি-১), বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | এফবিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| (৬) | পরিচালক (পণ্য) রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য-সচিব |

প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশসহ চূড়ান্ত বাছাই কমিটি বরাবরে প্রেরণ করবে ঃ

(খ) **চূড়ান্ত বাছাই কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| (১) | অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (৩) | পরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | জাতীয় রাজস্ব বোর্ড এর প্রতিনিধি | সদস্য |
| (৫) | বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| (৬) | পরিচালক (পণ্য) রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| (৭) | এফবিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| (৮) | যুগ্ম-সচিব/উপ-সচিব (রপ্তানি-১), বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য-সচিব |

(২) চূড়ান্ত বাছাই কমিটি প্রণীত সুপারিশ মাননীয় বাণিজ্য মন্ত্রীর অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর সিআইপি কার্ড বাণিজ্য মন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিকভাবে বিতরণ করা হবে।

৯. সিআইপি (রপ্তানি) নির্বাচন সংক্রান্ত অন্যান্য বিষয় ঃ

(১) বাণিজ্য মন্ত্রণালয় গঠিত চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক সুপারিশের ভিত্তিতে সিআইপি (রপ্তানি) নির্বাচন করা হবে;

(২) সিআইপিদের তালিকা প্রস্তুত করে চূড়ান্ত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/এনবিআর হতে ছাড়পত্র/মতামত গ্রহণ করতে হবে। এ বিষয়ে ত্রিশ দিনের মধ্যে মতামত পাওয়া না গেলে সংশ্লিষ্ট আবেদনকারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট কোন অভিযোগ নেই বলে বিবেচিত হবে;

(৩) গ্রুপভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান একই পণ্য উৎপাদন করলে ঐ সকল প্রতিষ্ঠানের পক্ষে মাত্র একজন সিআইপি (পণ্য রপ্তানি) এর জন্য আবেদন করা যাবে;

(৪) একক মালিকানাধীন প্রতিষ্ঠান হলে স্বত্বাধিকারী ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান/চীফ এক্সিকিউটিভ অফিসার/ পরিচালক/মনোনীত পরিচালক সিআইপি (পণ্য রপ্তানি) এর জন্য আবেদন করতে পারবেন;

(৫) কোন ব্যক্তি একই সাথে সিআইপি (রপ্তানি), সিআইপি (এনআরবি) ও সিআইপি (শিল্প) নির্বাচিত হলে তাঁর পছন্দমত যে কোন একটির জন্য তাঁকে সিআইপি নির্বাচন করা হবে;

(৬) একই ব্যক্তি একাধিক পণ্যখাত হতে সিআইপি (পণ্য রপ্তানি) নির্বাচনের জন্য বিবেচিত হলে বাছাই কমিটি যে কোন একটি খাত হতে তাঁকে সিআইপি (রপ্তানি) নির্বাচন করবেন;

(৭) সিআইপি (রপ্তানি)-এর জন্য প্রচলিত আবেদনপত্রে প্রয়োজনীয় পরিবর্তন এবং নতুন কলাম সংযোজন করা যাবে। যেমন আবেদনকারী অন্য কোন খাতে সিআইপি নির্বাচনের জন্য আবেদন করেছে কি না।

(৮) সিআইপি (ট্রেড) নির্বাচনের ক্ষেত্রে নূতন পদাধিকারী দায়িত্বভার গ্রহণের সাথে সাথে সংশ্লিষ্ট সংগঠন সরাসরি বাণিজ্য মন্ত্রণালয়ে আবেদন প্রেরণ করবে। এ নীতিমালায় বর্ণিত নির্বাচন প্রক্রিয়া সম্পাদন করে তাদেরকে সিআইপি (ট্রেড) কার্ড প্রেরণ করা হবে। তবে এ ক্ষেত্রে আনুষ্ঠানিকতা ছাড়াই কার্ড বিতরণ করা যাবে।

(৯) কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর সিআইপি মনোনয়নের জন্য আবেদনপত্র বিবেচনা করা হবে না।

**১০. সিআইপি (রপ্তানি) নির্বাচন ক্যালেন্ডার ঃ** নিম্নলিখিত "ক্যালেন্ডার" মোতাবেক সিআইপি (রপ্তানি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হবে ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচী |
| --- | --- | --- |
| (ক) | বাণিজ্য মন্ত্রণালয়/রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার এবং দরখাস্ত আহবান ও গ্রহণ। | যে বছরের সিআইপি ঘোষিত হবে তার পূর্ব বছরের ১ আগস্ট হতে ৩১ আগস্ট |
| (খ) | প্রাথমিক বাছাই কমিটির কার্যক্রম (বাণিজ্য বিরোধ বিবেচনাসহ)। | ১ সেপ্টেম্বর হতে ১৫ সেপ্টেম্বর |
| (গ) | চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়া সম্পন্নকরণ এবং সিআইপি (রপ্তানি) এর তালিকা ছাড়পত্র/ মতামতের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ। | ১৬ সেপ্টেম্বর হতে ৩০ সেপ্টেম্বর |
| (ঘ) | বাংলাদেশ ব্যাংক, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ থেকে ছাড়পত্র/ মতামত বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ। | ১ অক্টোবর হতে ৩১ অক্টোবর |
| (ঙ) | বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক সিআইপি (রপ্তানি) নির্বাচন প্রক্রিয়া চূড়ান্তকরণ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। | ১ নভেম্বর হতে ১৫ নভেম্বর |
| (চ) | মন্ত্রিপরিষদ বিভাগের কার্যক্রম ও মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ। | ১৬ নভেম্বর হতে ১৫ ডিসেম্বর |
| (ছ) | সিআইপি (রপ্তানি) কার্ড বিতরণ | ১৫ ডিসেম্বর হতে ৩১ ডিসেম্বর |

**১১. প্রজ্ঞাপন জারী ঃ** নির্বাচিত সিআইপি (রপ্তানি)-গণের তালিকা প্রজ্ঞাপন জারীর মাঁধ্যমে সরকারি গেজেটে প্রকাশ করা হবে।

**১২. সিআইপি (রপ্তানি)-র প্রাপ্য সুযোগ-সুবিধা ঃ সিআইপি (রপ্তানি)-গণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা পাবেন ঃ**

(১) একজন সিআইপিকে প্রদত্ত সুবিধাদি তার মেয়াদকাল পর্যন্ত বহাল থাকবে;

(২) সিআইপি (রপ্তানি)-গণ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশ ও গাড়ীর স্টীকার পাবেন;

(৩) বিভিন্ন জাতীয় অনুষ্ঠান ও মিউনিসিপ্যাল কর্পোরেশন কর্তৃক আয়োজিত নাগরিক সম্বর্ধনায় আমন্ত্রণ পাবেন;

(৪) ব্যবসায় সংক্রান্ত ভ্রমণে বিমান, রেল, সড়ক ও জলপথে সরকারি যানবাহনে আসন সংরক্ষণ অগ্রাধিকার পাবেন;

(৫) একজন সিআইপি'র ব্যবসা সংক্রান্ত কাজে বিদেশে ভ্রমণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ভিসা প্রাপ্তির নিমিত্তে সংশ্লিষ্ট দূতাবাসকে উদ্দেশ্য করে Letter of Introduction ইস্যু করবে;

(৬) একজন সিআইপি তার স্ত্রী, পুত্র, কন্যা ও নিজের চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন; এবং

(৭) বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ-২ ব্যবহার সুবিধা পাবেন।

**১৩. সিআইপি (রপ্তানি) এর মেয়াদঃ**

(ক) সিআইপি (রপ্তানি) এর মেয়াদ ১(এক) বৎসর। এক বছর অতিক্রান্ত হওয়ার পরে পরবর্তী বছরে সিআইপি ঘোষণা না হওয়া পর্যন্ত সিআইপি'র মেয়াদ বলবৎ থাকবে। তবে সিআইপিদের (ট্রেড) মেয়াদ তাদের সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনের পদে বহাল থাকা অথবা পরবর্তী সিআইপি ঘোষণা যেটি আগে হয় সে পর্যন্ত কার্যকর থাকবে।

(খ) সিআইপি কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার পর এক সপ্তাহের মধ্যে তা বাণিজ্য মন্ত্রণালয়ে জমা দিতে হবে; এবং

(গ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কাউকে প্রদত্ত সিআইপি সুবিধাদি প্রত্যাহার করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

**১৪. রহিতকরণঃ** এতদ্বারা ৩০ মার্চ, ২০০৬ সালের বাম/র-৩/৮৯/৯৬(অংশ-২)/১০৭ নম্বর বিজ্ঞপ্তির মাধ্যমে জারিকৃত নীতিমালাটি সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ প্রবর্তনের উদ্দেশ্যে রহিত করা হইল। তবে সিআইপি (রপ্তানি)-২০১২ নির্বাচনের কার্যক্রম সিআইপি (রপ্তানি) নীতিমালা-২০১৩ অনুসরণ করে সম্পন্ন করা যাবে।

মাহবুব আহমেদ
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd